# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 16-01-2025 Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ কলকাতা সহ ৭'টি বিমানবন্দরে 'ফাস্ট ট্র্যাক ইমিগ্রেশন-ট্রাস্টেড ট্র্যাভেলার প্রোগ্রাম' -এর উদ্বোধন করবেন।

২/ উত্তর দিনাজপুরের ইসলামপুর আদালতে পেশ করার পর রায়গঞ্জ সংশোধনাগারে ফেরার পথে, পুলিশের ওপর গুলি চালিয়ে পলাতক আসামির খোঁজে এলাকায় চলছে চিরুনী তল্লাশি।

৩/ সরকারি চিকিৎসক এবং শিক্ষক চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিসে লাগাম টানতে রাজ্য সরকার ফের উদ্যোগী হয়েছে।

৪/ স্কুল সার্ভিস কমিশনের ২৬ হাজার চাকরির নিয়োগে অনিয়মের তদন্ত গুরুত্ব দিয়ে করা হয়নি বলে চাকরিচ্যুতদের পক্ষ থেকে সুপ্রিম কোর্টে দাবি করা হয়েছে।

৫/ ISL ফুটবলে গতকাল মহামেডান স্পোর্টিং ও চেন্নাইয়িন এফসি-র মধ্যে ম্যাচটি ২-২ গোলে অমীমাংসিত থাকে।

*************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ কলকাতা, মুম্বাই, চেন্নাই, বেঙ্গালুরু, হায়দ্রাবাদ, কোচি এবং আমেদাবাদ বিমানবন্দরে 'ফাস্ট ট্র্যাক ইমিগ্রেশন-ট্রাস্টেড ট্র্যাভেলার প্রোগ্রাম' FTI-TTP-র উদ্বোধন করবেন। এই কর্মসূচির ফলে বিশ্বমানের অভিবাসন সুবিধার পাশাপাশি বিদেশ ভ্রমণ নির্বিঘ্ন ও নিরাপদ হবে।

স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে, এই কর্মসূচির সুবিধা পেতে হলে ftittp.mha.gov.in পোর্টালে প্রয়োজনীয় নথি আপলোড করে অনলাইন রেজিস্ট্রেশন সম্পূর্ণ করতে হবে। নথিভুক্ত আবেদনকারীদের বায়োমেট্রিক তথ্য, ফরেনার্স রিজিওনাল রেজিস্ট্রেশন অফিসে বা বিমানবন্দর দিয়ে যাওয়ার সময় নেওয়া হবে। নথিভুক্ত ভ্রমণকারীদের পাসপোর্ট স্ক্যান করার পর এয়ারলাইন বোর্ডিং পাস ই-গেটে স্ক্যান করাতে হবে। যাওয়া এবং আসার সময় ই-গেটে বায়োমেট্রিক তথ্য যাচাইয়ের পরই অভিবাসন ছাড়পত্র মঞ্জুর করা হবে। দেশের ২১টি প্রধান বিমানবন্দরে FTI-TTP চালু হবে।

স্বরাষ্ট্রমন্ত্রী গত বছরের জুনে নতুন দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ‘ফাস্ট ট্র্যাক ইমিগ্রেশন ট্রাস্টেড ট্রাভেলার প্রোগ্রামে’র সূচনা করেছিলেন।

*************************

উত্তর দিনাজপুরের ইসলামপুর আদালতে পেশ করার পর রায়গঞ্জ সংশোধনাগারে ফেরার পথে, পুলিশের ওপর গুলি চালিয়ে পলাতক এক আসামির খোঁজে গতকাল থেকে এলাকায় চলছে চিরুনী তল্লাশি। ইসলামপুর ও গোয়ালপোখরের বিভিন্ন এলাকার বাংলা-বিহার সীমানা সিল করে পুলিশ নাকা তল্লাশি চালাচ্ছে।

আমাদের উত্তর দিনাজপুরের সংবাদদাতা জানিয়েছেন, আসামিকে নিয়ে আদালত থেকে ফেরার পথে গোয়ালপোখরের পাঞ্জিপাড়ায় পুলিশের গাড়িটি দাঁড়ালে খুনের মামলায় বিচারাধীন ওই আসামি, পুলিশের ওপর গুলি চালিয়ে পালিয়ে যায়। আহত হন দুই পুলিশ কর্মী নীলকান্ত সরকার ও দেবেন বৈশ্য। তাঁদের প্রথমে ইসলামপুর মহকুমা হাসপাতাল এবং পরে সেখান থেকে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার করা হয়। শিলিগুড়ির পুলিশ কমিশনার সি সুধাকর হাসপাতালে যান। সাংবাদিকদের তিনি বলেন, ওই আসামি গায়ে জড়ানো চাদরের ভেতর থেকে

পিস্তল বার করে পাহারায় থাকা পুলিশ কর্মীদের ওপর চালায়। অস্ত্র তার নিজের কাছেই ছিল, নাকি আদালত চত্বরে কেউ দিয়েছে, তা’ খতিয়ে দেখা হচ্ছে।

উত্তর দিনাজপুর জেলার পুলিশ সুপার জোবি থমাস জানিয়েছেন, কি করে এই ঘটনা ঘটল, তা’ তদন্ত করে দেখা হচ্ছে।

( বাইট- জোবি থমাস )

************************

মেদিনীপুর মেডিক্যাল কলেজে প্রসূতি মৃত্যুর প্রেক্ষিতে, সরকারি চিকিৎসক এবং শিক্ষক চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিসে লাগাম টানতে রাজ্য সরকার, ফের উদ্যোগী হয়েছে। এদের মধ্যে যারা প্রাইভেট প্র্যাকটিস করতে চান তাঁদের ৩১ শে জানুয়ারির মধ্যে ‘নো অবজেকশন’ সার্টিফিকেটের আবেদন জানাতে রাজ্যের স্বাস্থ্য দপ্তর নির্দেশ দিয়েছে। পদ্ধতি মেনে তাদের রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা অথবা স্বাস্থ্য শিক্ষা অধিকর্তার কাছে আবেদন জানাতে হবে।

***********************

মেদিনীপুর মেডিকেল কলেজ ও হাসপাতালে প্রসূতি মৃত্যুর জেরে রাজ্য সরকার, পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালসের স্যালাইনের পর, তাদের তৈরি আরো ১৪ টি ওষুধকে নিষিদ্ধ ঘোষণা করেছে। গতকাল স্বাস্থ্য দপ্তর থেকে জারি করা এক নির্দেশিকায় জানানো হয়েছে, রাজ্যের যেসব সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতাল, জেলা, ব্লক এবং মহকুমা হাসপাতালে বর্তমানে এই সমস্ত ওষুধ মজুদ রয়েছে, সেগুলি বাতিল করে দিতে হবে। এরমধ্যে সাতটি ওষুধ এখন থেকে অন্য সংস্থা সরবরাহ করবে। বাকি ওষুধ হাসপাতালগুলিকে খোলা বাজার থেকে কিনে নেওয়ার নির্দেশ দিয়েছে স্বাস্থ্য দপ্তর। এর জন্য প্রয়োজনীয় অর্থ সরকার দেবে।

***********************

মেদিনীপুর মেডিক্যাল কলেজে নিম্নমানের স্যালাইন দেওয়ার কারণে অসুস্থ হয়ে পড়া তিন প্রসূতির অবস্থা এখনও উদ্বেগজনক। তাঁরা এসএসকেএম হাসপাতালে

চিকিৎসাধীন। মেডিক্যাল বোর্ডের পরামর্শ মেনে তাঁদের চিকিৎসা চলছে বলে হাসপাতাল সুপার মণিময় বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। তিনি জানান, ওই প্রসূতিদের মধ্যে ২ জন সিসিইউ এবং একজন আইটিইউ-তে ভর্তি হয়েছিলেন।

এদিকে বিজেপি, প্রসূতি মৃত্যু ও স্যালাইন কাণ্ডে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী, স্বাস্থ্য সচিব এবং মেদিনীপুর মেডিকেল কলেজের সুপারের বিরুদ্ধে ইলেক্ট্রনিক্স কমপ্লেক্স থানায় অভিযোগ দায়ের করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে বিধায়ক অসীম বিশ্বাস গতকাল এই অভিযোগ দায়ের করেন।

**********************

নদীয়ার কৃষ্ণনগরে আয়ুস আনন্দমেলায় এবারে ব্যথ্যা উপশমে অগ্নি-কর্ম থেরাপি নিয়ে রোগীদের মধ্যে যথেষ্ট আগ্রহের সৃষ্টি হয়েছে। মেলায় আসা ব্যথ্যায় কষ্ট পাচ্ছেন এমন অনেকেই আয়ুর্বেদিক ডাক্তার দেখিয়ে অগ্নিকর্ম থেরাপি নিচ্ছেন। অন্যদিকে মেলায় চিকিৎসারত আয়ুর্বেদিক ডাক্তার মন্টুকুমার মণ্ডল এই পদ্ধতি খুঁটিনাটি জানালেন।

( বাইট- ডাক্তার )

বিনামূল্যে এই থেরাপি নেওয়ার পর ব্যথা থেকে মুক্তি পাচ্ছেন বলে জানালেন আক রোগী ।

( বাইট- পেশেন্ট)

জলপাইগুড়ি সরোজেন্দ্র দেব রায়কত সাংস্কৃতিক কলা কেন্দ্রে ও গতকাল থেকে তিনদিন ব্যাপী শুরু হয়েছে জেলা আয়ুষ মেলা। জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ, আয়ুষ শাখার পক্ষ থেকে করা এই মেলা চলবে আগামীকাল পর্যন্ত।

**********************

স্কুল সার্ভিস কমিশনের ২৬ হাজার চাকরিতে নিয়োগে অনিয়মের তদন্ত গুরুত্ব দিয়ে করা হয়নি বলে চাকরিচ্যুতদের পক্ষ থেকে সুপ্রিম কোর্টে দাবি করা হয়েছে।

প্রধান বিচারপতি সঞ্জীব খান্না ও বিচারপতি সঞ্জয় কুমারের ডিভিশন বেঞ্চে গতকাল এই মামলার শুনানি হয়।

চাকরি হারানো মামলাকারীদের আইনজীবীর দাবি, তদন্তে যোগ্য ও অযোগ্যদের আলাদা করা হয়নি। গুরুত্ব দিয়ে তদন্ত করা হয়নি।

আইনজীবী মুকুল রোহতগীর দাবি, আসল উত্তরপত্র বা OMR শিট এখনো পাওয়া যায়নি। অন্যদিকে যোগ্য প্রার্থীদের একাংশের আইনজীবী কপিল সিব্বল প্রশ্ন তোলেন, আসল OMR সিট যদি না থাকে তাহলে কারচুপির অভিযোগ কি করে তোলা হচ্ছে ?

দু'পক্ষের বক্তব্য শোনার পর ২৭ জানুয়ারি পরবর্তী দিন ধার্য করা হয়েছে।

**********************

ন্যাশনাল টেস্টিং এজেন্সি, মহাকুম্ভ, মকর সংক্রান্তি, পোঙ্গল উৎসবের জন্যে স্থগিত হয়ে যাওয়া UGC NET-এর পরবর্তী পরীক্ষার দিনক্ষণ ঘোষণা করেছে।

আগামী ২১ ও ২৭শে জানুয়ারি এই বাকি পরীক্ষাগুলি হবে বলে জানানো হয়েছে। ২১ তারিখ সকাল ৯ থেকে ১২টা এবং ২৭ তারিখ দুপুর তিনটে থেকে ৬ টা পর্যন্ত এই পরীক্ষা হবে।

উল্লেখ্য, PHD পাঠ্যক্রম ও বিভিন্ন কলেজে সহকারি অধ্যাপক নিয়োগের জন্যে গত তেসরা জানুয়ারি থেকে এই পরীক্ষা শুরু হয়েছে।

**********************

নদীয়ায় ভারত-বাংলাদেশ সীমান্তের কৃষ্ণগঞ্জে ভজনঘাট মাঠপাড়ায় BSF ও রাজ্য পুলিশ যৌথ তল্লাশি চালিয়ে গতকাল তিন বাংলাদেশীকে গ্রেপ্তার করেছে। ওই তিন বাংলাদেশীকে BSF প্রথমে সতর্ক করে। তখন তারাও গা-ঢাকা দিলে, এলাকা জুড়ে তল্লাশি চালিয়ে এদের গ্রেপ্তার করা হয় বলে কৃষ্ণনগর পুলিশ জেলার DSP ট্রাফিক গৌতম ভট্টাচার্য জানিয়েছেন।

অন্যদিকে, মুর্শিদাবাদের জলঙ্গীতে ভারত-বাংলাদেশ সীমান্তের কাঁটাতারহীন এলাকায় BGB-র তৎপরতায় স্থানীয় কৃষকদের মধ্যে ক্ষোভ তৈরী হয়েছে। সীমান্ত লাগোয়া জমিতে কৃষিকাজে গেলে, উপদ্রব হচ্ছে বলে তাঁদের অভিযোগ। গোপনে

চোরাপথে ভারতে ঢুকে বাংলাদেশ ফেরার পথে চার অনুপ্রবেশকারীকে পুলিশ গ্রেপ্তার করেছে। ডিসেম্বর থেকে এপর্যন্ত লালগোলা, রাণীতলা, জলঙ্গী, সাগরপাড়া ও সুতি থানা এলাকায় ৫০ জনের বেশী বাঙলাদেশী অনুপ্রবেশকারীকে গ্রেপ্তার করা হয়েছে।

**********************

ISL ফুটবলে গতকাল মহামেডান স্পোর্টিং ও চেন্নাইয়িন এফসি-র মধ্যে ম্যাচটি দুই-দুই গোলে শেষ হয়।

প্রথমার্ধে চেন্নাইয়িন ১-০ গোলে এগিয়ে ছিলো। মহামেডানের হয়ে মনভীর সিং ও লালরেমসাঙ্গা ফানাই গোল করেন। চেন্নাইয়িনের হয়ে পি সি লালদিনপুইয়া ও LP ব্রামবিলা গোল করেন। খেলার একেবারে শেষ লগ্নে লালদিনপুইয়া লাল কার্ড দেখেন।

****************************************************************